

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৭.১৮-২৭১

তারিখঃ ০৫ জ্যৈষ্ঠ ১৪২৫  
১৯ মে ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১২৫৬৪/২০১৮ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ (১) মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১২৫৬৪/২০১৮ মামলার রুলনিশি ও আর্জির কপি।  
(২) এ বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৭.১৮-৪৬৯, তারিখ: ০৪/১২/১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত (১) নং পত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১২৫৬৪/২০১৮ মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১২৫৬৪/২০১৮	গাজী এম. এ সালোম, অধ্যক্ষ/পরিচালক, ইন্সটিটিউট অব সায়েন্স ট্রেনিং এন্ড টেকনোলজি, ফ্লাট নং-এ/৫, রক-এ, মিরপুর-১৪, ঢাকা।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ও উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়সহ মোট ০৬ (ছয়) জন।	Institute of science training and tecnology (ISTT), ফ্লাট নং-এ/৫, রক-এ, মিরপুর-১৪, ঢাকা এর পরিচালনা পরিষদের সভাপতি ও গ্যাডভান্স ওয়েল ফেয়ার ফাউন্ডেশন এর সভাপতি কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ/পরিচালক এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ দাখিল করা হয়। দাখিলকৃত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য অভিযোগের বিপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র ও সাক্ষীসহ (পরিবহণ পুল ভবন এর ১৩ তলায়) ২৫/০৯/২০১৮ তারিখে উপস্থিত থাকার জন্য তদন্তের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উপসচিব (কারিগরি-৩) কর্তৃক ১৬/০৯/২০১৮ তারিখে ৫৭.০০.০০০০.০৫৩.২৭.০০৩.১৮-৬৩ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়। নির্ধারিত তারিখে যথা স্থানে উপস্থিত না হয়ে অর্নিত অভিযোগসমূহের বিপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র ও সাক্ষী উপস্থিত করার জন্য ২ মাস সময় চেয়ে বর্ণিত অধ্যক্ষ কর্তৃক আবেদন করা হয়। পরবর্তীতে অভিযোগের বিপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র ও সাক্ষীসহ ১৫/১০/২০১৮ তারিখে শুনানীর জন্য যথাস্থানে উপস্থিত থাকার জন্য ২৬/৯/২০১৮ তারিখে ৫৭.০০.০০০০.০৫৩.২৭. ০০৩.১৮-৭৭ সংখ্যক স্মারকে পুনরায় পত্র জারি করা হয়। তথাপি অধ্যক্ষ গাজী এম. এ সালোম কর্তৃক সংক্ষুব্ধ হয়ে ১৬/০৯/২০১৮ তারিখে ৫৭.০০.০০০০.০৫৩.২৭.০০৩.১৮-৬৩ সংখ্যক পত্রের বিরুদ্ধে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং -১২৫৬৪/২০১৮ মামলা দায়ের করা হয়।

০২: উল্লেখ্য রিট পিটিশন নং-১২৫৬৪/২০১৮ মামলাটি সরকার পক্ষে প্রদ্বিন্দিতা করার জন্য এ বিভাগ হতে সূত্র (২) মূলে পত্র দেয়া হয়েছিল কিন্তু উক্ত পত্রের উপর গৃহীত ব্যবস্থার তথ্যাদি অদ্যাবধি জানা যায়নি।

০৩: এমতাবস্থায়, রিট পিটিশন নং-১২৫৬৪/২০১৮ মামলার বিষয়ে টিএমইডি কর্তৃক সূত্র (২) মূলে প্রেরিত পত্রের উপর গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি এবং বর্ণিত রিট মামলার ০৪/৪/১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ৩০/৫/২০১৯ তারিখের মধ্যে (প্রমাণকসহ) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। একই সাথে বর্ণিত মামলার বিষয়ে দায়িত্ব পাওয়ার প্রায় ০৫ (পাঁচ) মাস অতিবাহিত হয়ে গেলেও উক্ত মামলার বিষয়ে কোন তথ্য না দেয়ার কারণ অবহিত করার জন্যও নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০৪/৪/১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশে ছায়াপিপি-০২ পাতা।

(মো: আ: খালেদ মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)

কাজী মাইনুল হাসান  
বিজ্ঞ কৌশলি, কক্ষ নং-AE 209  
সুপ্রীম কোর্ট ব'র এসোসিয়েশন ভবন, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। উপসচিব কারিগরি শাখা-৩, টিএমইডি, শিক্ষা মন্ত্রণালয় (ইউ.ও নং-৫৭.০০.০০০০.০৫৩.০৪.০০১.১৯.২৭০, তারিখ: ০৬/৫/১৯ এর প্রেক্ষিতে)।
- ৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অতিরিক্ত সচিব/সুপারসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৬। অফিস কপি/মাস্টার কপি।